গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ অধিশাখা
www.mopa.gov.bd

নং- ০৫.০০.০০০০.২০২.০০.০২০.১৬-২৯৪

ডায়েরি নং	তারিখ:
অতিরিক্ত সচিব	
অতিরিক্ত সচিব (প্রশাসন)	
অতিরিক্ত সচিব (উন্নয়ন)	
অতিরিক্ত সচিব (সম্প্রচার)	
সচিবের একান্ত সচিব	সচিব

বিষয়: Japan Human Resource Development Scholarship (JDS) এর ১৬তম ব্যাচের জন্য আবেদন আহবান।

JDS এর অধীনে জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন বিষয়ে মাস্টার্স প্রোগ্রামে অংশগ্রহণে আগ্রহী বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তা এবং বাংলাদেশ ব্যাংকের প্রথম শ্রেণির কর্মকর্তাদের মধ্য হতে উন্মুক্ত প্রতিযোগিতার ভিত্তিতে প্রার্থী বাছাইয়ের নিমিত্ত আবেদন আহবান করা যাচ্ছে। উক্ত প্রোগ্রামে অংশগ্রহণে আগ্রহী ও যোগ্য কর্মকর্তাগণকে নির্ধারিত ফরমে আগামী **০৬ অক্টোবর ২০১৬ তারিখ বিকাল ৫-০০ ঘটিকার মধ্যে** নিম্নোক্ত ঠিকানায় আবেদনপত্র পৌঁছাতে হবে:

JICE JDS Project Office in Bangladesh
L-261, The Pan Pacific Sonargaon Hotel,
107, Kazi Nazrul Islam Avenue,
Dhaka-1215, Bangladesh.

২। যে সকল কর্মকর্তার বয়স ০১/০৪/২০১৭ তারিখে ৪০ বছরের কম, যাদের চাকরি স্থায়ী হয়েছে এবং শিক্ষা জীবনে কমপক্ষে ২টি প্রথম (সমমানের) শ্রেণি/বিভাগ রয়েছে এবং কোন তৃতীয় শ্রেণি নেই কেবল তাঁরাই আবেদন করতে পারবেন।

৩। আগ্রহী যোগ্য কর্মকর্তাবৃন্দের আবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব JICE JDS Project Office বরাবর অগ্রায়ন করবেন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান প্রধান এবং মাঠপর্যায়ের ক্ষেত্রে বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকবৃন্দ মন্ত্রণালয়কে অবহিত রেখে আবেদন অগ্রায়ন করবেন।

৪। কোর্সের আবেদন ও অনুমতি প্রদানের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে জারিকৃত ২৯-০৮-১৯৯২ তারিখের নং-সম(বি:প্র:)-৮০/৯২-৫১৮(৫০০) সংখ্যক পরিপত্র ও অন্যান্য সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণ করতে হবে।

৫। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬/১২/২০১৫ খ্রি. তারিখে প্রকাশিত ০৫.০০.০০০০.২১১.২২.১০৬.২০০৮.৩৩৯ সংখ্যক প্রজ্ঞাপনের অনুসরণে সরকারি/আধাসরকারি/বিধিবদ্ধ/স্বায়ত্তশাসিত সংস্থার কর্মকর্তা ইতঃপূর্বে যারা প্রেষণে বা শিক্ষাছুটিতে মাস্টার্স ডিগ্রী সম্পন্ন করেছেন তাঁদের এ কোর্সে আবেদন করার প্রয়োজন নেই।

৬। কোর্স সংশ্লিষ্ট যাবতীয় তথ্য, আবেদন ফরম ও ফরম পূরণের নির্দেশিকা এবং বিশ্ববিদ্যালয় সংক্রান্ত তথ্যাবলী http://jds-scholarship.org/ থেকে পাওয়া যাবে।

(ড. আবদুল হামিদ)
উপসচিব
ফোনঃ ৯৫৭৪৪২৬।
sasft.mopa@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

তথ্য মন্ত্রণালয়
প্রশাসন-৪ অধিশাখা

নং- ১৫.০০.০০০০.০১৮.২৪.০০১.১৫.৩২১

তারিখ: ২৬/০৭/২০১৬

উপর্যুক্ত বিষয়ে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহনেচ্ছুক কর্মকর্তাগণ (পত্রের মর্মানুযায়ী) আগামী ১৮-০৮-২০১৬ তারিখের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনের ওপর কোন কার্যক্রম গ্রহণ করা হবে না।

(কাজী মোশতাক জহির)
উপ-সচিব
ফোন- ৯৫৬৭১০১।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রণালয়ের উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব/সহকারী প্রধান(সকল)/ সচিব, তথ্য কমিশন/ প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর/ মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ গণযোগাযোগ অধিদপ্তর/ জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট/চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর/বাংলাদেশ ফিল্ম আর্কাইভ/বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট/ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন/বাংলাদেশ সংবাদ সংস্থা/ভাইস-চেয়ারম্যান, সেন্সর বোর্ড, প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট।
২. সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রনালয়, ঢাকা (ওয়েবসাইডে বিজ্ঞপ্তিটি দেয়ার অনুরোধসহ)